গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মেডিকেল-১ শাখা
www.moha.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.০০০.২৫৪.০৮.০০০৩.২৬-১০৭

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

**প্রজ্ঞাপন**

দেশের অভ্যন্তরে স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা ও তদুদ্দেশ্যে প্রশিক্ষণ সম্পর্কিত প্রেষণ নীতিমালা-২০২২ (সংশোধিত) অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাদের অনুকূলে তাদের নামের পাশে বর্ণিত প্রতিষ্ঠানে ও মেয়াদে উচ্চতর কোর্সে অধ্যয়নের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাবলির আলোকে প্রেষণ মঞ্জুর করা হলো:

| নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | প্রেষণের বিষয় ও প্রতিষ্ঠানের নাম | প্রেষণের মেয়াদ |
|---|---|---|---|
| ১ | ডা. মোছাঃ সুরাইয়া জাহান<br>সিআইভি-৯৬২৩২৪০২৩৪<br>মেডিকেল অফিসার<br>জেলা পুলিশ হাসপাতাল, নাটোর | এফসিপিএস (গাইনী/অবস্ এর রিপ্রোডাক্টিভ এন্ডোক্রাইনোলজি এবং ইনফার্টিলিটি)-পার্ট ২<br>প্রতিষ্ঠানের নাম: বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান এন্ড সার্জন (বিসিপিএস)-এর অন্তর্ভুক্ত | ০২ বছর+অতিরিক্ত ০২ মাস |
| ২ | ডা. সুমাইয়া বিনতে সিরাজ<br>সিআইভি-৯৭২৩২৩৯৭৫০<br>মেডিকেল অফিসার<br>জেলা পুলিশ হাসপাতাল, গাজীপুর | ডিপ্লোমা ইন কার্ডিওলজি<br>প্রতিষ্ঠানের নাম: আমর্ড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউট, ঢাকা | ০২ বছর+অতিরিক্ত ০২ মাস |
| ৩ | ডাঃ মিজানুর রহমান<br>সিআইভি-৮৯২৩২৩৬৭১৬<br>মেডিকেল অফিসার<br>বিভাগীয় পুলিশ হাসপাতাল, সিলেট | এফসিপিএস (শিশু-কার্ডিওলজি)-শেষ পর্ব<br>প্রতিষ্ঠানের নাম: বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান এন্ড সার্জন | ০৩ বছর+অতিরিক্ত ০২ মাস |

শর্তাবলি:

(ক) প্রেষণকালে সংশ্লিষ্ট চিকিৎসক কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবেন;

(খ) প্রেষণকালীন চিকিৎসকগণ অধ্যয়নরত প্রতিষ্ঠানে চিকিৎসা সেবা প্রদান অব্যাহত রাখবেন;

(গ) প্রেষণকালীন সংশ্লিষ্ট চিকিৎসককে পুলিশ অধিদপ্তরের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) হিসাবে নিযুক্ত হবেন এবং তারা প্রচলিত নিয়ম অনুযায়ী বেতন ভাতাদি পাবেন;

(ঘ) প্রেষণপ্রাপ্ত কর্মকর্তাগণ ডিগ্রি অর্জন করার পর ন্যূনতম ৫ (পাঁচ) বছর পুলিশ অধিদপ্তরে কর্মরত থাকবেন মর্মে মুচলেকা দাখিল করবেন;

(ঙ) চিকিৎসকগণ প্রেষণে থাকাকালীন প্রাইভেট প্র্যাকটিস করতে পারবেন না, এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট চিকিৎসকের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গৃহীত হবে;

(চ) চিকিৎসকগণ অনুমোদিত প্রেষণ শেষে অবিলম্বে পুলিশ অধিদপ্তরে যোগদান করবেন এবং ১৫ (পনের) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে সনদসহ কোর্স সমাপনী প্রতিবেদন দাখিল করবেন;

(ছ) অনুমোদিত প্রেষণকাল শেষ হওয়ার আগেই সংশ্লিষ্ট কোর্স/পার্ট পরীক্ষায় উত্তীর্ণ হলে অথবা অনুমোদিত প্রেষণকাল শেষ হওয়ার আগেই স্বেচ্ছায় কোর্স ত্যাগ করলে তিনি অবিলম্বে পুলিশ অধিদপ্তরে যোগদান করবেন এবং ১৫ (পনের) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে কোর্স সমাপনী প্রতিবেদন দাখিল করবেন;

(জ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ০২/০২/২০২২ তারিখের ৫৯.০০.০০০০.১৪০.১৮.০১৫.২১.০১ সংখ্যক নীতিমালার অন্যান্য সকল শর্ত প্রযোজ্য হবে। আবেদনকারীর আবেদনে উল্লিখিত কোনো তথ্য 'দেশের অভ্যন্তরে স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা ও তদুদ্দেশ্যে প্রশিক্ষণ সম্পর্কিত প্রেষণ নীতিমালা-২০২২ (সংশোধিত)' অনুযায়ী ভুল/মিথ্যা প্রমাণিত হলে প্রেষণাদেশ বাতিল করা হবে;

(ঝ) কোর্স চলাকালে বিদেশ ভ্রমণের প্রয়োজন হলে এ মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করবেন;

(ঞ) সরকার জনস্বার্থে যে কোনো সময় তার প্রেষণাদেশ বাতিল করতে পারবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ—

মোঃ শফিকুল ইসলাম
সহকারী সচিব
ফোনঃ ০২-২২৩৩৫৪০৫০
E-mail: medical1@moha.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.০০০.২৫৪.০৮.০০০৩.২৬-১০৭/১(১০)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

২) সিনিয়র সচিব/সচিব, ........................................................................

৩) পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা

৪) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা

৬) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা ......................................................

৭) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)

৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১০) জনাব..............................................................

৩০.৬.২৬

মোঃ শফিকুল ইসলাম
সহকারী সচিব